যায়যায়দিন

তারিখ ··· 17 APR 2009 ···
পৃষ্ঠা ··· ২ ··· কলাম ··· ৬ ···

# কওমি মাদ্রাসায় আর্থিক অনুদান দেবে সরকার

যায়যায়দিন রিপোর্ট

কওমি মাদ্রাসাগুলোকে আর্থিক অনুদানের ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। একই সঙ্গে পর্যায়ক্রমে তাদের পাঠ্যসূচি আধুনিকায়নের মাধ্যমে শিক্ষার মূল স্রোতে আনার ব্যাপারেও জোর দেয়া হয়েছে। বৃহস্পতিবার অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এজেন্ডায় না থাকলেও এ নিয়ে আলোচনা হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, এছাড়াও বৈঠকে শিক্ষাঙ্গনে সরকারদলীয় ছাত্র সংগঠন ছাত্রলীগের ব্যানারে সন্ত্রাসীদের নৈরাজ্য ও সম্প্রতি বেশ কয়েকটি স্থানে শ্রমিক লীগের নেতাকর্মীদের মধ্যে অভ্যন্তরীণ কোন্দল নিয়ে আলোচনা হয়। বৈঠকে অধিকাংশ মন্ত্রী একমত প্রকাশ করেন যে, সরকারকে অস্থিতিশীল করতে একটি সংঘবদ্ধচক্র পরিকল্পিতভাবে ছাত্রলীগের মধ্যে বিভেদ তৈরি ও শিক্ষাঙ্গনে নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করছে। এ ব্যাপারে প্রধানমন্ত্রীর ইতিমধ্যে গৃহীত পদক্ষেপগুলোর প্রশংসা মাদ্রাসা : পৃষ্ঠা ২ কলাম ৬

## মাদ্রাসা : কওমি

(প্রথম পৃষ্ঠার পর)

করা হয় এবং প্রয়োজনে সরকারের আরো কঠোর নীতি গ্রহণ করার ওপরে গুরুত্বারোপ করা হয়। এছাড়াও শ্রমিক লীগের অন্তর্কলহ বন্ধ করতে সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদককে ডেকে সতর্ক করার জন্য আওয়ামী লীগের মুখপাত্র ও স্থানীয় সরকার মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামকে দায়িত্ব দেয়া হয়।

কওমি মাদ্রাসা শিক্ষায় আর্থিক অনুদানের ব্যাপারে মন্ত্রিসভার আলোচনা সম্পর্কে জানতে চাইলে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেন, বিষয়টি বৈঠকের এজেন্ডাভুক্ত নয়। আলোচনার বিষয়টি অস্বীকার করে তিনি বলেন, এ প্রতিষ্ঠানে গরিব মানুষের ছেলেমেয়েরা লেখাপড়া করে। তাদের পাঠ্যসূচি আধুনিকায়নের মাধ্যমে শিক্ষার মূল স্রোতে নিয়ে আসা দোষের কিছু নয়। আর আমাদের নির্বাচনী ইশতেহারেই ছিল, ক্ষমতায় গিয়ে কোরআন-সুন্নাহবিরোধী কোনো আইন আমরা পাস করবো না।